# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৫৪৭

পর্ব-২৩: চিকিৎসা ও ঝাড়-ফুঁক (كتاب الطب والرقى)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

## الْفَصْلُ الثَّانِي

### আরবী

وَعَنِ ابْنِ عَبَّاسٍ رَضِيَ اللَّهُ عَنْهُمَا أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ يَسْتَحِبُّ الْحِجَامَةَ لِسَبْعَ عَشْرَةَ وَتِسْعَ عَشْرَةَ وَإِحْدَى وَعِشْرِينَ. رَوَاهُ فِي شرح السّنة

### বাংলা

৪৫৪৭-[৩৪] ’আবদুল্লাহ ইবনু ’আব্বাস (রাঃ) হতে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম চাঁদের সতেরো, ঊনিশ এবং একুশ তারিখে শিঙ্গা লাগানো পছন্দ করতেন। (শারহুস্ সুন্নাহ্)[1]

### ফুটনোট

[1] হাসান : আবূ দাউদ ৩৮৬১, তিরমিযী ২০৫১, ইবনু মাজাহ ৩৪৮৩, সিলসিলাতুস্ সহীহাহ্ ৬২২, সহীহ আত্ তারগীব ওয়াত্ তারহীব ৩৪৬৫, মা’রিফাতুস্ সুনান ৫৯৫২, ‘আবদুর রায্যাক ৪২৮১, শারহুস্ সুন্নাহ্ ৩২৩৫, আল আনওয়ার ফী শামায়িলিন্ নাবিয়্যিল মুখতার ১১১৩।

### ব্যাখ্যা

ব্যাখ্যাঃ রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সকল কাজ বিজ্ঞানসম্মত। তিনি যে কাজ করতেন তার মধ্যেই কল্যাণ নিহিত। তা ছাড়া তিনি মহান আল্লাহর নিকট থেকে ওয়াহীপ্রাপ্ত হয়ে সকল ‘আমল করতেন। যদি এ কাজে ক্ষতি থাকতো তবে মহান আল্লাহ তাকে এ কাজ করতে নিষেধ করতেন। তাছাড়া হাদীসটি হতে বুঝা যায়, মাসের শেষার্ধের প্রথম দিকে শিঙ্গা লাগানো ভালো। কেননা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এভাবেই লাগিয়েছেন। [সম্পাদক]

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=75271

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন